

তারিখ 30 MAY 1994

পৃষ্ঠা ৩ কলাম ৩

## দৈনিক ইত্তেফাক

19

### ২১ বছর পর কৃষি বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদ-  
দাতা ॥ আগামী ৫ই জুন কৃষি-  
বিশ্ববিদ্যালয়ে তৃতীয় সমাবর্তন  
অনুষ্ঠিত হইবে। ২১ বছর  
পর এই সমাবর্তন সমাবর্তনে  
(১০ম পৃ: ১-এর ক: দ্র:)

### ২১ বছর পর

(১ম প: পর)

১৯৮৮ এবং ১৯৮৯ মোট ১৫১৪  
জন গ্রাজুয়েটকে সার্টিফিকেট  
প্রদানের ব্যবস্থা করা হইয়াছে।  
ইহাদের মধ্যে আছেন ১৯৮৮ এবং  
৮৯ সনের ৯৫ জন ভেটেরি-  
নারী, ৭৬০ জন কৃষি, ৬৯ জন-  
পশুপালন, ৯২ জন কৃষি  
অর্থনীতি, ১১৬ জন মাৎস্য  
বিজ্ঞান, ১১৬ জন কৃষি প্রকৌ-  
শলীসহ ১২৪৮ জন স্নাতক  
ডিগ্রী অর্জনকারী, ৮৭ সনে ১১৬  
জন কৃষি, ২ জন এক্সটেনশন  
এডুকেশন; ১০ জন কৃষি প্রকৌ-  
শল, ৩৭ জন ফিশারিজ, ১৮  
জন কৃষি অর্থনীতি, ২৭ জন  
পশুপালন, ৩১ জন ভেটেরিনারী  
সহ ২৪১ জন এমএসসি  
ডিগ্রী অর্জনকারী এবং ২৫  
জন পিএইচডি ডিগ্রী অর্জন-  
কারী। ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ  
ভবনগুলি সংস্কার করা হই-  
য়াছে। সার্টিফিকেট ও পোশাক  
তৈরীসহ সকল প্রস্তুতি প্রায়  
সম্পন্ন। ২রা জুন হইতে শিক্ষক ও  
সমাবর্তনে অংশগ্রহণকারী গ্রাজু-  
য়েটদের কল্লিউম প্রদান করা  
হইবে। ৩রা ও ৪ঠা জুন সমা-  
বর্তনের মহড়া অনুষ্ঠিত হইবে।  
সমাবর্তনে সার্টিফিকেট বিতরণ  
করিবেন চ্যান্সেলর প্রধানমন্ত্রী  
বেগম খালেদা জিয়া। ক্যাম্পাসে  
শিলাচাৰ্য জয়নুল আবেদীন মিল-  
নায়তনে অনুষ্ঠিতব্য সমাবর্তনে  
মহাদেবের প্রবেশের অনুমতি দেওয়া  
হইবে শুধু তাহারাই অনুষ্ঠানে  
ধারিত পাবেন।

কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রথম  
সমাবর্তন অনুষ্ঠিত হইয়াছিল ১৯-  
৬৮ সালের ২৮শে মার্চ। চ্যান্সে-  
লর ছিলেন সাবেক পূর্ব পাকি-  
স্তানের গভর্নর আব্দুল মোনেম  
খান। স্বাধীনতা লাভের পরে  
১৯৭২ সালের ৩১শে ডিসেম্বর কৃষি  
বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তনে  
চ্যান্সেলর প্রেসিডেন্ট বিচারপতি  
আবু সাদ্দিক চৌধুরী সার্টিফিকেট  
বিতরণ করেন। ইহার পর  
কোন সরকার প্রধান কৃষি বিশ্ব-  
বিদ্যালয়ে আসেন নাই। ২১  
বছর পর দ্বিতীয়বারের মত সরকার  
প্রধান হিসাবে প্রধানমন্ত্রী খালেদা  
জিয়া এখানে আসিতেছেন।  
সমাবর্তনের দিন কৃষি বিশ্ববিদ্যা-  
লয় ছুটি থাকিবে।